

ঢাকা ওয়াসা

২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ক্ষতিগ্রস্ত বিভিন্ন দেওয়ালের চিত্র
 এ্যাজবিল্ট নক্সা।
 প্রাক্কলনের হিসাব
 প্রাক্কলন।

বিষয়ঃ পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Supply of paint for clarifier and related works" কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


০১। সংযুক্তি ০১ হতে ০৫ দয়া করে দেখা যেতে পারে। উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার-এর Intake Pumping Station (IPS), Water Treatment Plant (WTP) ও Booster Pumping Station (BPS) এর সমন্বয়ে ঢাকা শহরে পানি সরবরাহ চলমান আছে। Water Treatment Plant (WTP) এর হাই-ডেসাডেক ক্লারিফায়ারে 'র' ওয়াটার পরিশোধন করার জন্য প্রসেস কেমিক্যাল যেমন লিকুইড ক্লোরিং, Poly Aluminum Chloride (PAC), Polyacrylamide (PAM) অন্যতম। উচ্চমাত্রায় ক্ষয়কারক এসকল কেমিক্যালের প্রভাবে ক্লারিফায়ারের ফ্লকোলেশন চেম্বার, ডিভাইডিং চেম্বার, ডিস্ট্রিবিউশন চেম্বার ও কোয়াণ্ডলেশন চেম্বারের আরসিসি দেওয়াল ক্ষয় প্রাপ্ত হয়ে স্থাপনার স্থায়িত্বের প্রতি মারাত্মক হুমকির সৃষ্টি করছে (ক্রমিক নং-০২ দ্রষ্টব্য)। এতে পানি শোধন প্রক্রিয়া এবং ক্লারিফায়ারের নিরাপত্তা হুমকি দেখা দিয়েছে। ক্লারিফায়ারের উপরের সারফেস ভাল রাখার জন্য কেমিক্যালরোধী কোটিং করা প্রয়োজন। বর্ণিত কাজসমূহ সম্পাদনের নিমিত্তে অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনায় "Supply of paint for clarifier and related works" শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। শোধনাগারের পানি পরিশোধন প্রক্রিয়া নিরবচ্ছিন্ন রাখার স্বার্থে ক্লারিফায়ারে ক্ষয়রোধী ব্যবস্থা হিসেবে ক্ষতিগ্রস্ত অংশ মেরামত ও কেমিক্যালরোধী কোটিং করার জন্য অ্যাজ-বিল্ট নক্সা অনুযায়ী প্রাপ্ত পরিমাপ ও পিডব্লিউডি-২০২২ এর দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ০৩ ও ০৪ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ট.৯,৯৯,৯০০.০০ (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার নয়শত দশমিক শূন্য শূন্য মাত্র) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-২৭৮; প্যাকেজ নং-APP/25-26/G/191) নির্বাহ করে পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং- ০১ দ্রষ্টব্য)।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর ক্লারিফায়ারের স্থায়ীত্বের জন্য কেমিক্যালের ক্ষয়কারক প্রভাব হতে মুক্ত রাখার নিমিত্তে ক্ষতিগ্রস্ত অংশ মেরামত ও কেমিক্যালরোধী কোটিং করার লক্ষ্যে "Supply of paint for clarifier and related works" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ


১) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

২) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ট.৯,৯৯,৯০০.০০ (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার নয়শত দশমিক শূন্য শূন্য মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।





৩) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাপার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (OSTP) খাত হতে (সংশোধিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং- ২৭৮; প্রকল্প নং-APP/25-26/G/191) নির্বাহের সময় প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, অর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারধীন।


17.05.2026

Md. Khatun Chowdhury Manon
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WSA



17.05.2026

মোহাম্মদ মোহেল হাম্মা
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাপার
ডাক্তার কলকাতা।


17.05.2026
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপাশা সার্কেল, ঢাকা ওয়াসা

SE, WSTPC

০৭ জুন ২০২৬


17/05/2026

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপাশা সার্কেল, ঢাকা ওয়াসা

SE-2 (PCTP)